পল্লী উন্নয়নে সোনালী সোপান

সঞ্চয় করুন ভবিষ্যত গড়ুন

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা
www.brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০৪.১৮.১১৫

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৫
১২ ডিসেম্বর ২০১৮

বিষয়: **সোশ্যাল মিডিয়ার ব্যবহার নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিভিন্ন সময়ে সোশ্যাল মিডিয়ার ব্যবহার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা মোতাবেক বিআরডিবি'র অফিসিয়াল ফেসবুক পেজ, কর্মকর্তাদের পদবীভিত্তিক ওয়েব মেইল একাউন্ট তৈরি এবং ইউটিউব চ্যানেল তৈরি করা হয়েছে। ইতোমধ্যে বিআরডিবি'র জেলাদপ্তর, উপজেলা দপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ সংশ্লিষ্ট সোশ্যাল মিডিয়াসমূহের ব্যবহার শুরু করেছেন।মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনী আইডিয়া সৃজনে মতবিনিময়, মাঠ পর্যায়ে কার্যক্রমের বাস্তব অভিজ্ঞতা, কর্মক্ষেত্রের সফলতা, মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন সমস্যা, এসকল সমস্যা কিভাবে সমাধান করা হয়েছে/সম্ভাব্য সমাধান প্রক্রিয়া, দাপ্তরিক তথ্য আদান-প্রদান এবং পল্লী জীবনমান উন্নয়নের ভিডিও চিত্রসহ সংশ্লিষ্ট সকল কার্যক্রম সোশ্যাল মিডিয়ার আওতায় আসলে এ বিষয়ে মত বিনিময় করার সুযোগ সৃষ্টি হবে। সে লক্ষ্যে বিআরডিবি'র সদর দপ্তর, জেলা দপ্তর, উপজেলা দপ্তর ও প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে সোশ্যাল মিডিয়ার ব্যবহার জোড়দার করা প্রয়োজন।

২. সোশ্যাল মিডিয়া ব্যবহার নিশ্চিতকরণে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করা যেতে পারে-

ক) বিআরডিবি'র অফিসিয়াল ফেসবুক পেজ Bangladesh Rural Development Board নামে খোলা হয়েছে। অফিসিয়াল ফেসবুক পেজ এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীকে সংশ্লিষ্ট পেজ এ যুক্ত হবেন এবং কোনভাবেই কর্মকর্তা/কর্মচারীদের কোন ব্যক্তিগত বিষয় বা ছবি পোস্ট করবেন না। তবে বিশেষ কোন অর্জন বা সুনাম যা ব্যক্তিগত কিন্তু বিআরডিবি গৌরবান্বিত হয় এমন বিষয় পোস্ট করা যেতে পারে। অফিসিয়াল ফেসবুকে শিষ্টাচার বহির্ভূত মন্তব্য/পোস্টিং না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

খ) 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে জনসাধারণকে দ্রুত সেবা প্রদানের পাশাপাশি ই-গভর্নেন্স কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিআরডিবি'র সদর দপ্তরসহ জেলা ও উপজেলা দপ্তরে কর্মরত ৬৩৩ জন কর্মকর্তার পদবীভিত্তিক ওয়েব মেইল একাউন্ট তৈরি করা হয়েছে। অফিসিয়াল তথ্য আদান-প্রদানে অবশ্যই পদবীভিত্তিক ওয়েব মেইল একাউন্টসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং কোনভাবেই ব্যক্তিগত ই-মেইল ব্যবহার করা যাবে না।

গ) Bangladesh Rural Development Board-BRDB নামক বিআরডিবি'র একটি ইউটিউব চ্যানেল তৈরি করা হয়েছে। পল্লীর জনসাধারণের জীবনমান উন্নয়নে জেলা ও উপজেলা দপ্তরসমূহের উন্নয়ন কার্যক্রমের ভিডিও চিত্র থাকলে তা প্রোগ্রামিং শাখায় প্রেরণ করতে হবে। প্রোগ্রামিং শাখা থেকে সংশ্লিষ্ট ভিডিওসমূহ বিআরডিবি'র নিজস্ব ইউটিউব চ্যানেল এ প্রচারের ব্যবস্থা নেয়া হবে।

ঘ) সম্প্রতি বিআরডিবি'র সদর দপ্তর থেকে মাঠ পর্যায়ে অফিসিয়াল কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ণের লক্ষ্যে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে বিভিন্ন জেলা/উপজেলার সাথে যুক্ত হচ্ছেন এবং বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করছেন। ভিডিও কনফারেন্সিং কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে সকল জেলা ও উপজেলায় অফিসিয়াল কর্পোরেট মোবাইল নম্বর দিয়ে Skype আইডি খুলতে হবে।

ঙ) যেকোন পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক বিআরডিবি'র কার্যক্রম পরিদর্শন করলে তার ছবি ও সংবাদ প্রচারের বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষ ব্যবস্থা নিবেন এবং রেকর্ডসমূহ ওয়েবসাইটে প্রচারের জন্য বিআরডিবি'র প্রোগ্রামিং শাখায় প্রেরণের ব্যবস্থা নিবেন;

চ) ফেসবুক পেজ, ওয়েব মেইল ও ইউটিউব চ্যানেল ইত্যাদি লিংকসমূহ বিআরডিবি'র ওয়েবসাইটে পাওয়া যাবে। এ সকল বিষয়ে সৃষ্ট সমস্যা সমাধানের জন্য উপপরিচালক (প্রোগ্রামিং) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এমতাবস্থায়, এখন থেকে বিআরডিবি'র সকল কার্যক্রমে সোশ্যাল মিডিয়ার ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

১২-১২-২০১৮

মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
মহাপরিচালক
ফোন: +৮৮০২৮১৮০০০২
ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩
ইমেইল: dg@brdb.gov.bd

বিতরণ :
১) উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি (অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর জ্ঞাতার্থে ও কার্যার্থে এ নির্দেশনা জ্ঞাপনের অনুরোধসহ)।
২) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা (অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর জ্ঞাতার্থে ও কার্যার্থে এ নির্দেশনা জ্ঞাপনের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.১৬.০০৪.১৮.১১৫/১(১২)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৫
১২ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:
১) পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৪) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২-১২-২০১৮

নাজনীন খানম
উপপরিচালক